

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সওজ গেজেটেড সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নং: ৩৫.০০.০০০০.০২২.২৭.০০১.১৫-৫৬০

তারিখ: ১৯-০৭-২০১৫

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক এবং জেলা মহাসড়ক সার্বক্ষণিক চলাচল উপযোগী রাখার জন্য সরকার অগ্রাধিকার ভিত্তিতে সংশ্লিষ্ট সড়ক বিভাগের প্রস্তাব অনুযায়ী প্রতিবছর অর্থ বরাদ্দ করে থাকে। সেই-উল-ফিতরকে সামনে রেখে গত ২৩-০৬-২০১৫ তারিখে মাননীয় মন্ত্রী সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর সভাপত্রিতে বিয়াম ফাউন্ডেশনে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সেই দুটিতে ঘরমুখো মানুষের নিরাপদ ও নির্বিন্দ যাতায়ত নিশ্চিত করার নিমিত্ত অন্যান্য সিদ্ধান্তের সাথে সকল জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক যথাসময়ে মেরামত করে উপযোগী রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু মাননীয় মন্ত্রীর পরিদর্শনকালে নোয়াখালী সড়ক বিভাগের বিভিন্ন ক্ষতিগ্রস্ত সড়ক/মহাসড়ক পর্যবেক্ষণ করেন। এতে প্রতীয়মান হয় উর্ধ্বতন কর্তৃপক্ষের সুনির্দিষ্ট নির্দেশনা সত্ত্বেও নোয়াখালী সড়ক বিভাগের আওতাধীন সড়ক/মহাসড়ক এর বিভিন্ন অংশ যথাসময়ে এবং গুণগত মান বজায় রেখে মেরামত কাজ সঠিকভাবে সম্পন্ন করা হয়নি। সামান্য বৃষ্টিতেই সড়ক/মহাসড়ক ইতোমধ্যে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। উল্লেখ্য, ক্ষতিগ্রস্ত ফেনী-নোয়াখালী মহাসড়কের মেরামত কাজ দ্রুত সম্পন্নের জন্য বিগত ০৪ ও ০৫ জুলাই/২০১৫ সময়ে সংশ্লিষ্ট মনিটরিং কমিটি মহাসড়ক মেরামতের জন্য সুপারিশ করে। কিন্তু এ ব্যাপারে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি। উক্ত পরিস্থিতিতে সেই উপলক্ষে ঘরমুখো এবং সেই শেষে কর্মসূলে প্রত্যাবর্তনকারী মানুষকে সীমাহীন দুর্ভোগ পোহাতে হচ্ছে যা অপ্রত্যাশিত ও দুঃখজনক। এহেন পরিস্থিতিতে অবিলম্বে সড়ক-মহাসড়কসমূহ জরুরী মেরামত করে পূর্বের অবস্থায় ফিরিয়ে আনা জরুরী।

এমতাবস্থায়, যুক্তিসংগত কারণ ছাড়াই নোয়াখালী সড়ক বিভাগের আওতাধীন বিভিন্ন জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয়ে ব্যাখ্যা প্রদানসহ আগামী ৭(সোত) দিনের মধ্যে ক্ষতিগ্রস্ত মহাসড়ক/সড়কাংশ জরুরীভিত্তিতে মেরামত করে নির্বিন্দ যান চলাচলের উপযোগী করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। এ নির্দেশনা প্রতিপালনে ব্যর্থ হলে আপনার বিরুদ্ধে সাময়িক বরখাস্তসহ বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০/৭/২০১৫
(ড. কামরুল আহসান)
উপসচিব
ফোনঃ ৯৫৮৫২৫৭

প্রাপকঃ

জনাব মোঃ নুরুল্লাহী তরফদার
নির্বাহী প্রকৌশলী
সড়ক বিভাগ, নোয়াখালী

অনুলিপিঃ

- ০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ